রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর
রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুলাই ১২, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/২০ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১৯১-আইন/২০২২।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "ক্রীড়া সংস্থা" অর্থ জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৯ নং আইন) এর ধারা ২ এর দফা (৩) এ সংজ্ঞায়িত ক্রীড়া সংস্থা;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;

(ঙ) "পদ" অর্থ তফসিল-১ ও তফসিল-২ এ উল্লিখিত কোনো পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোনো পদে নিয়োগের জন্য সংশ্লিষ্ট তফসিলে উল্লিখিত যোগ্যতা;



**মূল্য :** টাকা ১৬.০০

(ছ) "বিভাগীয় প্রার্থী" অর্থ ক্রীড়া পরিদপ্তর বা শারীরিক শিক্ষা কলেজের কোনো পদে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে নিয়োজিত এইরূপ কোনো কর্মচারী, যাহার বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা রহিয়াছে এবং সরকারি চাকরিতে প্রথম নিয়োগের সময় তাহার বয়স সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত বয়সসীমার মধ্যে ছিল;

(জ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ঝ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(ঞ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলের বিধান অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদে নিয়োগের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করিবে :

তবে শর্ত থাকে যে, ২০তম গ্রেডভুক্ত কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হইবে কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে, স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কোনো ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে একই তফসিলভুক্ত পদ হইতে অনুরূপ তফসিলের অন্য কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশ**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করিয়া থাকে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন :

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

**৭। বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনের ক্ষেত্রে কোনো ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটায় ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

**৮। রহিতকরণ ও হেফাজত।**—(১) ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন; এবং

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

**[বিধি ২(গ) দ্রষ্টব্য]**

(ক্রীড়া পরিদপ্তরের জন্য প্রযোজ্য)

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>উপ-পরিচালক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>প্রেষণের ক্ষেত্রে :<br>সমপদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২। | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পরিচালক বা জেলা ক্রীড়া অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসর অথবা সহকারী পরিচালক ও জেলা ক্রীড়া অফিসার পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৩। | সহকারী পরিচালক | - | পদায়নের মাধ্যমে। | জেলা ক্রীড়া অফিসারগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে। |
| ৪। | জেলা ক্রীড়া অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) ডিগ্রিসহ—<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; বা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; বা<br>(ই) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br>(খ) আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় জাতীয় দলের প্রতিনিধিত্বকারী জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক প্রত্যয়নকৃত কোনো খেলোয়ার, যিনি কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে—<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি প্রাপ্ত; বা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিপ্রাপ্ত; বা<br>(ই) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিপ্রাপ্ত। |
| ৫। | প্রধান সহকারী | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৭। | হিসাব রক্ষক | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে :**</u><br>(ক) উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) উচ্চমান সহকারী ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা<br>(গ) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বা ব্যবসা প্রশাসনে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতক বা সমমানের ডিগ্রি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা রেকর্ড কিপার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি। |
| ৯। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১০। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১১। | রেকর্ড কিপার | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) অফিস সহায়ক পদে অন্যূন ৯ (নয়) বৎসরের চাকরি;<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | ড্রাইভার | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৩। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৪। | নিরাপত্তা প্রহরী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ১৫। | পরিচ্ছন্নতা কর্মী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে : <br> তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ হরিজন সম্প্রদায়ের জন্য বরাদ্দ থাকিবে, তবে হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। | | |

**তফসিল-২**

**[বিধি ২ (গ) দ্রষ্টব্য]**

(সরকারি শারীরিক শিক্ষা কলেজের জন্য প্রযোজ্য)

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | অধ্যক্ষ | -- | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** <br> উপাধ্যক্ষ পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি। <br> **প্রেষণের ক্ষেত্রে :** <br> সমপদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | উপাধ্যক্ষ | -- | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** <br> প্রভাষক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। <br> **প্রেষণের ক্ষেত্রে :** <br> সমপদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩। | প্রভাষক | ৩০ বৎসর | মোট পদের— (ক) ৩০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে</u> :** শারীরিক শিক্ষক বা শরীর চর্চা শিক্ষক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে— (ক) শারীরিক শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা (খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) ডিগ্রি। |
| ৪। | মেডিকেল অফিসার (খণ্ডকালীন) | ৪০ বৎসর | খণ্ডকালীন | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারি (এমবিবিএস) ডিগ্রি; এবং (খ) বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধনপ্রাপ্ত: তবে শর্ত থাকে যে, স্পোর্টস মেডিসিন ও ফিজিক্যাল মেডিসিনে বিশেষজ্ঞ প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৫। | শারীরিক শিক্ষক/ শরীর চর্চা শিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে— (ক) শারীরিক শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) ডিগ্রি। |
| ৬। | (ক) প্রধান সহকারী/ উচ্চমান সহকারী<br>(খ) প্রধান সহকারী | -- | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা রেকর্ড কিপার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি। |
| ৭। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | মোট পদের―<br>(ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে,<br>তবে শর্ত থাকে যে, উক্ত পদের ৬৭% পদ ক্যাশিয়ার এবং ৩৩% পদ অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকগণের মধ্য হইতে পূরণ করিতে হইবে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ক্যাশিয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসর অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বা ব্যবসা প্রশাসনে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮। | লাইব্রেরীয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১০। | রেকর্ড কিপার | -- | পদোন্নতির মাধ্যমে। | (ক) অফিস সহায়ক পদে অন্যূন ৯ (নয়) বৎসরের চাকরি;<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | ড্রাইভার | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৩। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৪। | গ্রাউন্ডসম্যান (অফিস সহায়ক) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোনো ক্রীড়া সংস্থায় সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | গ্রাউন্ডসম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোনো ক্রীড়া সংস্থায় সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | নিরাপত্তা প্রহরী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ১৭। | মালী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ১৮। | বাবুর্চি | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ১৯। | আয়া | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২০। | পরিচ্ছন্নতা কর্মী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে :<br><br>তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ হরিজন সম্প্রদায়ের জন্য বরাদ্দ থাকিবে, তবে হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। | | |

## তফসিল-৩

## [বিধি ২ (গ) দ্রষ্টব্য]

হিসাব রক্ষক, লাইব্রেরীয়ান, রেকর্ড কিপার এবং ক্যাশিয়ার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি :

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| ১। | লিখিত পরীক্ষা | ৭০ | | |
| | (ক) বাংলা | ২০ | | |
| | (খ) ইংরেজি | ২০ | | |
| | (গ) গণিত | ১৫ | ৫০% | ৯০ মিনিট |
| | (ঘ) সাধারণ জ্ঞান | ১৫ | | |
| ২। | মৌখিক পরীক্ষা | ৩০ | | |
| | | **সবমোট নম্বর = ১০০** | | |

**ব্যাখ্যা।**—(১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(২) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন, ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৪**

**[বিধি ২ (গ) দ্রষ্টব্য]**

গ্রাউন্ডসম্যান (অফিস সহায়ক) ও গ্রাউন্ডসম্যান পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি :

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| ১। | লিখিত পরীক্ষা | ৭০ | ৫০% | ১ ঘণ্টা |
| | (ক) বাংলা | ২০ | | |
| | (খ) ইংরেজি | ২০ | | |
| | (গ) গণিত | ২০ | | |
| | (ঘ) সাধারণ জ্ঞান | ১০ | | |
| ২। | মৌখিক পরীক্ষা | ৩০ | | |
| | | **সবমোট নম্বর = ১০০** | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ নুরে আলম সিদ্দিকী**
পরিচালক (যুগ্মসচিব)
ক্রীড়া পরিদপ্তর।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd